

আন্তর্জাতিক

ফিলিস্তিন ইস্যুতে স্পেনের শক্ত অবস্থানের প্রশংসা ইরানের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বিশ্বকাপ ফাইনালে স্পেনের শিরোপা জয়ে দেশটির প্রতি অভিনন্দন জানিয়েছে ইরান। গাজায় ইসরায়েলের সামরিক অভিযান ও যুদ্ধের সমালোচনার পাশাপাশি ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সামরিক পদক্ষেপের বিরোধিতা করায় বিশ্বজুড়ে ব্যাপক সমর্থন পেয়েছে স্পেন। তেহরানের দাবি, দেশটির এই আন্তর্জাতিক সাফল্য যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি নীতির বিরোধিতা করা বিশ্ববাসীকে নতুন করে আনন্দিত করেছে।

ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরনার তথ্যমতে, দেশটির শীর্ষ আলোচক মোহাম্মদ বাকের গালিবায় স্পেনের এই সাফল্যকে কেবল তাদের নিজেদের জয় হিসেবে দেখছেন না। গালিবায় উল্লেখ করেন, স্পেনের ১-০ ব্যবধানের এই জয় শুধু স্পেনের মানুষের হৃদয় স্পর্শ করেনি, বরং বিশ্বের স্বাধীনচেতা ও ন্যায়বিচারপ্রিয় মানুষের মনেও গভীর স্বস্তি এনে দিয়েছে। ফিলিস্তিনের নিপীড়িত মানুষের পক্ষে স্পেনের খেলোয়াড়দের অবস্থানকে তিনি সম্মান জানান।

একই সুর ফুটে উঠেছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের বক্তব্যেও। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এসমাইল বাঘায় সাম্প্রতিক মাসগুলোতে বৈশ্বিক

আগ্রাসন, গণহত্যা ও নিপীড়নের বিরুদ্ধে স্পেনের জাতীয় দল ও সরকারের সুস্পষ্ট ভূমিকার প্রশংসা করেন। গাজা ইস্যুতে মানবিক ও দৃঢ় অবস্থানের কারণে স্পেন আজ আন্তর্জাতিক অঙ্গনে একটি মর্যাদাপূর্ণ স্থানে পৌঁছেছে বলে তিনি মনে করেন।

অন্যদিকে এই ফুটবল আসরকে ঘিরে বিপরীতমুখী মেরুকরণও লক্ষ্য করা গেছে। ইসরায়েলি রাজনীতিক ও সমর্থকদের একাংশের সমর্থন ছিল আর্জেন্টিনার দিকে। এর পেছনে মূল কারণ হিসেবে কাজ করেছে আর্জেন্টিনার প্রেসিডেন্ট হাভিয়ের মিলের প্রকাশ্য ইসরায়েলঘেঁষা নীতি। সামাজিক যোগাযোগমাধ্যমের আলোচনা থেকেও বিশ্ব রাজনীতি ও ফিলিস্তিন ইস্যুকে কেন্দ্র করে ফুটবলমোদীদের এমন বিভক্ত অবস্থানের চিত্র স্পষ্ট হয়ে উঠেছে।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সংস্থা...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপগাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাস্ট্রায় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপগাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/fillistin-isjute-spener-shkt-obsthaner-prshngsa-iraner>